ঝিনাইদহে লেডিস ক্লাবের পক্ষ থেকে ঈদ সামগ্রী বিতরণ

পবিত্র ঈদুল আযহা উপলক্ষে ঝিনাইদহে অসহায় দুস্থদের মাঝে ঈদ সামগ্রী বিতরণ করা হয়েছে। আজ মঙ্গলবার দুপুরে শহরের পুরাতন ডিসি কোর্ট মুক্তমঞ্চে লেডিস ক্লাবের পক্ষ থেকে এ ঈদ সামগ্রী বিতরণ করা হয়।

সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা ও লেডিস ক্লাবের সাধারণ সম্পাদক সাদিয়া জেরিন’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন লেডিস ক্লাবের সভাপতি ও জেলা প্রশাসক পত্নী শারমিন আক্তার।

বিশেষ অতিথি ছিলেন লেডিস ক্লাবের সহ-সভাপতি পুলিশ সুপার পত্নী জিনিয়া রহমান, সামন্তী পাল, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট সালমা সেলিম, সহকারী কমিশনার (ভূমি) শারমিন আক্তার সুমি, নির্বাহী ম্যাজিস্ট্রেট লায়লা ইয়াসমিন।

সেসময় শহরের বিভিন্ন এলাকার ২০০ অসহায় দুস্থ নারী ও পুরুষদের মাঝে সেমাই, চিনি, গুড়োদুধ, তেল, পোলাও চালসহ বিভিন্ন উপকরণ বিতরণ করা হয়। ঈদ সামগ্রী পেয়ে খুশি হতদরিদ্র মানুষগুলো।